# টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড(টেশিস)

ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান

ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, টঙ্গী, গাজীপুর ১৭১০

E-mail: mdtss@tss.com.bd, Website: www.tss.com.bd

Phone: 02-9814747, 02-9817877; Fax: 02-9812700


উন্নত মান ও বিশ্বস্ত সেবার প্রতিশ্রুতি

RFQ নম্বর: ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.০৪.২৫.০০১ তারিখ: ১৬.০৪.২০২৫ খ্রিঃ

বিষয়ঃ **BPATC, সাভার, ঢাকাতে প্রয়োজনীয় মালামালসহ টেলিফোন ক্যাবল, UG ক্যাবল স্থাপন ও Internal Surface Wiring কাজের জন্য RFQ দরপত্র আহবান।**

প্রতি,

--------------

-------------

১। টেলিফোন শিল্প সংস্থা লিঃ (টেশিস) , টঙ্গী, গাজীপুর-১৭১০ বর্ণিত মালামাল ক্রয় করতে আগ্রহী এবং এর জন্য নিজস্ব তহবিল বরাদ্দ রয়েছে।

২। দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। ইউনিট-রেটের/থোক দরের (অপ্রযোজ্যটি বিলুপ্ত করিতে হইবে) ভিত্তিতে কোটেশন আহ্বান করা হইল।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং কার্য সম্পাদনে (যদি কার্যাদেশ দেওয়া হয়) কোনো জামানত যেমন, কোটেশন জামানত (অর্থাৎ প্রচলিত অর্থে অগ্রিম মূল্য, দরপত্র জামানত) এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খামে আগামী ২২.০৪.২০২৫ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, টেশিস মহোদয়ের দপ্তরে রক্ষিত বক্সে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রের খামে “BPATC, সাভার, ঢাকাতে প্রয়োজনীয় মালামালসহ টেলিফোন ক্যাবল, UG ক্যাবল স্থাপন ও Internal Surface Wiring কাজের জন্য RFQ দরপত্র এবং [২২.০৪.২০২৫ খ্রিঃ বিকাল ৩.৩০ ঘটিকা]-এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭। কার্য ও ভৌতসেবার পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (বিওকিউ) অনুযায়ী কোটেশন দাখিল করিতে হইবে।

৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম [৩০] দিনের জন্য সকল কোটেশন অবশ্যই বৈধ থাকিবে।

৯। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হইবে না।

১০। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরনের কর, শুল্ক, ফি, লেভি এবং বিদ্যমান আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১১। উদ্ধৃত দর টাকায় উল্লেখ করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তী সময়ে মূল্য পরিশোধও টাকায় করিতে হইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১২। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ **ট্রেড লাইসেন্স, টিআইএন (TIN) নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর** এবং কোনো তফসিলি ব্যাংক হইতে **আর্থিক সচ্ছলতার সনদসংক্রান্ত** হালনাগাদ দলিলপত্রের সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৩। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের উপর ভিত্তি করিয়া কোটেশন মূল্যায়ন করিবে এবং চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৪। একক দর ভিত্তিতে কোটেশন দাখিলের ক্ষেত্রে, একক দর বা মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর বা মূল্য প্রাধান্য পাইবে। কথায় ও সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে, কথায় লিখিত দর বা মূল্য প্রাধান্য পাইবে। থোক মূল্যের ভিত্তিতে কোটেশন মূল্য উদ্ধৃতির ক্ষেত্রে, যদি সংখ্যা ও কথার মধ্যে ব্যতিক্রম পাওয়া যায়, তাহা হইলে কথায় লিখিত মূল্য প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক গাণিতিক সংশোধনের ক্ষেত্রে, দরপত্রদাতা গাণিতিক সংশোধন গ্রহণে বাধ্য থাকিবে।

১৫। কার্য ও ভৌতসেবা সম্পাদন শুরুর তারিখ হইতে [৩০] দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

১৬। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

১৬/০৪/২৫

নাম: জি এম রাকিব হাসান
পদবি: ব্যবস্থাপক (নিরীক্ষা)
আহবায়ক, কারিগরি ও মূল্যায়ন কমিটি
তারিখ: ১৬.০৪.২০২৫ খ্রিঃ
ঠিকানা: টেশিস মূল ভবন (৩য় তলা), টেলিফোন শিল্প সংস্থা লিঃ(টেশিস) , টঙ্গী, গাজীপুর-১৭১০
ফোন নম্বর: ০১৫৫০০১৭৩৪০,
ফ্যাক্সঃ ০২-২২৪৪১২৭০০
ই-মেইল- rakib_hasan@tss.com.bd

সংযুক্তিঃ RFQ(**আরএফকিউ) দলিল**

বিতরণ:

1. সহঃ প্রোগ্রামার (সফটওয়ার ও এ্যাপস), টেশিস। (ওয়েবসাইটে আপলোড করার জন্য) ।
2. টেশিস নোটিশ বোর্ড।
3. দাপ্তরিক নথি।

পি ডব্লিউ-১ (SRFQ)

**কোটেশন দাখিলপত্র**

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

RFQ নম্বর: ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.০৪.~~২৩~~.২৫.০০১ তারিখ: ১৬.০৪.২০২৫ খ্রিঃ

**প্রতি**
**ব্যবস্থাপক (নিরীক্ষা)**
**ও**
**আহবায়ক (কারিগরি ও মূল্যায়ন কমিটি)**
**টেলিফোন শিল্প সংস্থা লিঃ,**
**টঙ্গী, গাজীপুর-১৭১০।**

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে [**BPATC, সাভার, ঢাকাতে প্রয়োজনীয় মালামালসহ টেলিফোন ক্যাবল, UG ক্যাবল স্থাপন ও Internal Surface Wiring কাজের জন্য RFQ দরপত্র**] সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা *[--------------/- কথায়ঃ ------------------]*

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা **১৬.০৪.২০২৫ খ্রিঃ** তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

একক দরের ভিত্তিতে

## কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (BoQ)

| আইটেম নম্বর | কার্যের আইটেমভিত্তিক বিবরণ (কাঠামোগত বা নির্মাণগত বিনির্দেশ) | পরিমাণ | একক | দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত একক দর বা মূল্য | | মোট মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | সংখ্যায় | কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ = ৪X৫ |
| 1 | LSA Plus Strip (10 Pair Each) | 10 | Pcs | | | |
| 2 | MDF Box (Type-MS, Powder Coded) 100 Line with SS Frame for Distribution Line | 1 | Set | | | |
| 3 | Installation and Internal Surface Wiring Materials: | 1 | Lot | | | |
| | Including- | | | | | |
| *a* | PVC Pipe-0.75" dia | *300* | *mtr* | | | |
| *b* | PVC Pipe-1.5" dia for UG Cable | *10* | *mtr* | | | |
| *c* | Clamp for UG Cable | *4* | *dzn* | | | |
| *d* | Sadle-0.75" dia | *40* | *dzn* | | | |
| *e* | Socket-0.75" dia | *12* | *dzn* | | | |
| *f* | PVC Channel-1" dia | 50 | mtr | | | |
| *g* | Flexible Pipe-1" dia | 60 | mtr | | | |
| *h* | Cable Clip | 2 | Box | | | |
| *i* | Cable Tie | 5 | Pack | | | |
| *j* | Hexo blade | 2 | Pcs | | | |
| *k* | PVC Tape | 3 | Pcs | | | |
| *l* | Screw-1" | 10 | Grs | | | |
| *m* | Royal Plug-10no | 10 | Grs | | | |
| *4* | Earth Cutting & Filling works for UG cable laying | 10 | mtr | | | |
| | *Including-* | | | | | |
| *a* | Earth Cutting (1x0.6x1m) | 10 | Mtr | | | |
| b | Earth filling & cable laying works with PVC including required materials | 10 | Mtr | | | |
| 5 | Installation Charge & Others for Internal Surface Wiring | 1 | Job | | | |
| | Including- | | | | | |
| a | 50 Pair UG Cable installation work including proper internal surface wiring by fittings materials with both ends testing, commissioning works charges | 80 | mtr | | | |
| b | 2 Pair Telephone Cable installation work including proper internal surface wiring by PVC fittings materials with both ends testing, commissioning works charges | 400 | mtr | | | |
| c | MDF Box Fitting & Installation | 1 | Job | | | |

| | | |
|---|---|---|
| * ছক (ফরম্যাট) নির্ধারণ করিবার পূর্বে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ (৫) এবং ব্যবহারের নির্দেশনা নোটের ৪ নং অংশ দেখা যাইতে পারে। | **সর্বমোট মূল্য (সংখ্যায় ও কথায়)** | |

[সংখ্যা লিখুন] টি সংশোধনী যাহা কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণের (বিওকিউ) এই পৃষ্ঠায় আমার/আমাদের দ্বারা যথাযথভাবে অনুস্বাক্ষরিত হইয়াছে। আমার/আমাদের প্রস্তাব [তারিখ লিখুন, দিন/মাস/বৎসর] পর্যন্ত বৈধ থাকিবে।

___________________________

দরপত্রদাতার স্বাক্ষর ও সিল

তারিখ: দিন/মাস/বৎসর

**নোট (এই পদ্ধতিটি যথাযথ বলিয়া বিবেচিত হইলেই ব্যবহার করুন):**

১। **স্বল্পমূল্য ও সাধারণ এবং কাজের সকল উপাদান প্রাক্কলন করা যাইতে পারে, তবে সঠিকভাবে নির্ধারিত নহে।**

২। সম্পাদিত কার্যের মূল্য পরিশোধ পুনঃপরিমাপ পদ্ধতিতে করা হইবে।

৩। **কলম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী পূরণ** করিবে **এবং কলম ৫, ৬ ও ৭ দরপত্রদাতা পূরণ** করিবে।

**চুক্তি স্বাক্ষরের জন্য** আমন্ত্রণপত্র

স্মারক নম্বর : ________________ তারিখ : দিন/মাস/বৎসর

RFQ নম্বর: ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.০৪.~~২২~~২৫.০০৭ তারিখ: ১৬.০৪.২০২৫ খ্রিঃ

প্রতি
**[ঠিকাদারের নাম ও ঠিকানা]**

আপনাকে এই মর্মে অবহিত করা হইতেছে যে, [**BPATC, সাভার, ঢাকাতে প্রয়োজনীয় মালামালসহ টেলিফোন ক্যাবল, UG ক্যাবল স্থাপন ও Internal Surface Wiring কাজ**] **কার্য** ও ভৌতসেবা সম্পাদনের জন্য আপনার [১৬.০৪.২০২৫ খ্রিঃ] তারিখের **কোটেশনের পরিপ্রেক্ষিতে যথাযথ** সংশোধিত চুক্তিমূল্যে [সংখ্যা ও কথায় মূল্য লিখুন] উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়াছে।

আপনাকে এই আমন্ত্রণপত্র ইস্যু হইবার [৩] দিনের মধ্যে, তবে কোনোক্রমেই [তারিখ লিখুন] তারিখের পরে নহে, নিম্নস্বাক্ষরকারীর অফিসে চুক্তি স্বাক্ষরের জন্য উপস্থিত থাকিতে অনুরোধ করা হইতেছে।

কেবল চুক্তি স্বাক্ষরের পর আপনি কার্যের বাস্তবায়ন শুরু করিতে পারিবেন। আপনাকে আরও অবগত করা হইতেছে যে, এই আহ্বানপত্র চুক্তিসম্পাদনের শর্ত হিসাবে গণ্য হইবে যাহা আইনগতভাবে আপনার জন্য বাধ্যতামূলক।

এতৎসঙ্গে খসড়া চুক্তি ও অন্যান্য দলিল আপনার পর্যবেক্ষণের জন্য সংযুক্ত করা হইল।

| | |
|---|---|
| | ক্রয়কারীর নাম, পদবি ও স্বাক্ষর |
| সংযুক্তি : খসড়া চুক্তি | তারিখ : দিন/মাস/বৎসর |

# *চুক্তিপত্র*

এই চুক্তিপত্র **[ক্রয়কারীর নাম ও ঠিকানা]** (অতঃপর *ক্রয়কারী হিসাবে অভিহিত) একপক্ষ এবং* ***[ঠিকাদারের নাম ও ঠিকানা]*** *(অতঃপর ঠিকাদার হিসাবে অভিহিত) অন্যপক্ষের* মধ্যে *[বৎসর]* সালের *[মাস]* মাসের *[তারিখ]* তারিখে সম্পাদিত।

যেহেতু ক্রয়কারী সুনির্দিষ্ট কার্য ও ভৌতসেবার অর্থাৎ (কার্য ও ভৌতসেবার সংক্ষিপ্ত বর্ণনা) এর জন্য কোটেশন আহ্বান করিয়াছেন এবং ঠিকাদার কর্তৃক [অঙ্কে ও কথায় চুক্তিকৃত দর] (অতঃপর চুক্তি দর হিসাবে অভিহিত) উক্ত কার্য ও ভৌতসেবা সরবরাহ করিবার জন্য কোটেশন গৃহীত হইয়াছে;

সেহেতু এক্ষণে নিম্নরূপ চুক্তি সম্পাদন করা হইল:

১। এই চুক্তিপত্রে উল্লিখিত শব্দ ও অভিব্যক্তি চুক্তির সাধারণ শর্তাবলির ন্যায় একই অর্থ প্রকাশ করিবে।

২। চুক্তিতে অন্তর্ভুক্ত বিভিন্ন দলিলের মধ্যে অগ্রগণ্যতার ক্রম হইবে নিম্নরূপ:

(ক) স্বাক্ষরিত চুক্তিপত্র;
(খ) আহ্বানপত্র;
(গ চুক্তির শর্তাবলি;
(ঘ) বিনির্দেশসমূহ;
(ঙ) নকশা ও ডিজাইন;
(চ) কার্যের মূল্যযুক্ত পরিমাণগত হিসাব সংবলিত তফসিল;
(ছ) চুক্তির যেকোনো অংশে উল্লিখিত অন্যান্য দলিল।

৩। এতদ্দারা ঠিকাদার ক্রয়কারীর নিকট অঙ্গীকার করিতেছে যে, ক্রয়কারী কর্তৃক ঠিকাদারকে নিম্নের বর্ণনা অনুযায়ী পরিশোধতব্য অর্থের বিনিময়ে, চুক্তির বিধান মোতাবেক সর্বতোভাবে কার্য ও ভৌতসেবা সম্পাদন ও সম্পন্ন করিবে এবং যেকোনো ত্রুটিজনিত দায় সংশোধন করিবে।

৪। ক্রয়কারী এতদ্দারা অঙ্গীকার করিতেছে যে, ঠিকাদার কর্তৃক চুক্তি মোতাবেক কার্য ও ভৌতসেবা সম্পাদন এবং প্রয়োজনীয় সংশোধন কার্য সম্পন্ন করিলে চুক্তিতে নির্ধারিত সময় ও পদ্ধতিতে ঠিকাদারকে চুক্তিমূল্য বা চুক্তি মোতাবেক প্রদেয় অন্যান্য মূল্য পরিশোধ করিবে।

সাক্ষীগণের সম্মুখে পক্ষগণ উল্লিখিত দিন, মাস ও বৎসরে বাংলাদেশের আইন অনুসারে এই চুক্তি স্বাক্ষর করিল।

| | ক্রয়কারীর জন্য | ঠিকাদারের জন্য |
|---|---|---|
| স্বাক্ষর: | | |
| নাম: | | |
| পদবি: | | |
| জাতীয় পরিচয়পত্র নং: | | |
| উপস্থিত ব্যক্তির নাম: | | |

# চুক্তির শর্তাবলি

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি চুক্তিবদ্ধ উভয়পক্ষ মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত টেশিস ক্রয় নীতিমালা ২০১৭ এর বিধি ও তফশিল প্রযোজ্য হইবে।

৩। ঠিকাদারকে চুক্তি স্বাক্ষরিত হওয়ার [৩] দিনের মধ্যে কাজ শুরু এবং [৩০] দিনের মধ্যে চুক্তির বিধান অনুসারে সর্বোতভাবে সম্পন্ন করিতে হইবে।

৪। ঠিকাদার অবিলম্বে ক্রয়কারীকে কার্যের একটি কর্মসূচি দাখিল করিবে যাহাতে সকল কার্য এবং কার্যের আইটেমসমূহের সম্পাদনের সময় উল্লেখ থাকিবে।

৫। ঠিকাদার আনুপাতিক হারে কার্যের অগ্রগতি বজায় রাখিবে এবং সম্পাদিত কার্যের মূল্যের ভিত্তিতে অগ্রগতি নির্ধারণ করা হইবে।

৬। যদি ক্রয়কারী সাইট হস্তান্তর করিতে বিলম্ব করে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য অন্য কোনো যুক্তিসংগত ও যথাযথভাবে লিপিবদ্ধ কারণ থাকে, তাহা হইলে প্রত্যাশিত কার্য সমাপ্তির সময়সীমা বর্ধিত করা যাইবে।

৭। ক্রয়কারী ঠিকাদার কর্তৃক কাজসমূহ পরীক্ষা ও সত্যায়িত করিবে এবং সনাক্তকৃত যেকোনো ত্রুটি সম্পর্কে ঠিকাদারকে অবগত করিবে।

৮। কোনো টেস্টিং ও পরীক্ষা সত্ত্বেও, ক্রয়কারী চাক্ষুষ পরিদর্শন বা মাঠ পর্যায়ের পরীক্ষা দ্বারা ঠিকাদারকে নিম্নোক্ত নির্দেশ প্রদান করিতে পারিবে:

(ক) চুক্তি অনুযায়ী হয় নাই এমন কার্য বা উহার অংশের অপসারণ ও প্রতিস্থাপন;

(খ) চুক্তি অনুযায়ী হয় নাই এমন কার্য বা উহার অংশের অপসারণ ও পুনঃসম্পাদন ; এবং

(গ) কার্যের নিরাপত্তার জন্য জরুরিভাবে প্রয়োজনীয় যেকোনো কার্য সম্পাদন।

৯। শতভাগ কাজ শেষে ঠিকাদার ক্রয়কারীকে কাজ বুঝিয়ে দিয়ে প্রত্যয়ন সংগ্রহ করিবেন। যাহা দাখিলকৃত বিলের সহিত উপস্থাপন করিতে হইবে।

১০। ঠিকাদার প্রযোজ্য আইনের অধীন সকল কর, শুল্ক, ফি এবং অন্যান্য লেভি পরিশোধের জন্য সম্পূর্ণরূপে দায়ী থাকিবে।

১১। অন্য কোনো রীতিনীতি থাকা সত্ত্বেও, পরিমাপ পদ্ধতি ও পরিশোধের ধরন কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ অনুসারে একক দরের ভিত্তিতে নির্ধারিত হইবে:

১২। ঠিকাদারের দর বা মূল্যে মুনাফা, ওভারহেড, সকল ধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩। মোট চুক্তিমূল্য [সংখ্যায় ও কথায়] টাকা ।

১৪। অতিরিক্ত কার্যাদেশের অধীন কোনো কার্যের অনুমতি দেওয়া যাইবে না এবং, টেশিস ক্রয় নীতিমালা ২০১৭ অনুসারে ভেরিয়েশন আদেশের অধীন কার্য (থোক ভিত্তি ছাড়া) কোনোক্রমেই চুক্তিমূল্যের পনেরো (১৫) শতাংশের অধিক হইতে পারিবে না।

১৫। প্রয়োজন হইলে ক্রয়কারী বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনসমূহ মূল চুক্তিতে সংযোজন করিয়া পরবর্তী সময়ে চুক্তি সংশোধন করিতে পারিবে।

১৬। ঠিকাদার নোটিশের মাধ্যমে ক্রয়কারীর নিকট কার্য সমাপ্তির সনদ ইস্যুর জন্য আবেদন করিবে এবং ক্রয়কারীও কার্য যথাযথভাবে সম্পন্ন হওয়া সাপেক্ষে উহা জারি করিবে।

১৭। ঠিকাদারের আবেদন প্রাপ্তির সাত (৭) কার্যদিবসের মধ্যে ক্রয়কারী:

(ক) চুক্তি অনুযায়ী কার্য সম্পন্ন হইয়াছে মর্মে সমাপ্তির সনদ ঠিকাদার বরাবর ইস্যু করিবে; অথবা

(খ) কারণ উল্লেখপূর্বক ও সমাপ্তির সনদ ইস্যুকরণার্থে যে সকল কার্যসমূহ সম্পাদন করা/পুনরায় করা প্রয়োজন উহা উল্লেখ করিয়া ঠিকাদারের আবেদন বাতিল করিবে।

১৯। ক্রয়কারী কার্য সম্পাদন সনদ ইস্যু করিবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সাইট এবং কার্য গ্রহণ করিবে।

২০। ঠিকাদার কর্তৃক চূড়ান্ত মূল্য পরিশোধের আবেদনের চৌদ্দ (১৪) দিনের মধ্যে ক্রয়কারী প্রয়োজনীয় সংশোধন বা সংযোজনের পরিসর উল্লেখ করিয়া ত্রুটি সংশোধনের সনদ ইস্যু করিতে পারিবে।

২১। ঠিকাদার কার্য সম্পাদনের সময় ক্রয়কারীকে সকল প্রকার ক্ষতি হইতে রক্ষা করিবে ও দায়মুক্ত রাখিবে এবং তাহার নিজের সম্পত্তির বা জীবনের, তাহার শ্রমিক বা কর্মীর ক্ষতি, ক্রয়কারী অথবা যেকোনো তৃতীয় পক্ষের যেকোনো কর্মীর কার্য সম্পাদনের সময় উদ্ভূত যেকোনো দাবি তাহার নিজের খরচে ও দায়িত্বে নিষ্পত্তি করিবে।

২২। ক্রয়কারী ঠিকাদারকে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে যেকোনো সময় সম্পূর্ণ বা আংশিক চুক্তি বাতিল করিতে পারিবে, যদি ঠিকাদার :

(ক) নির্দিষ্ট সময়ের মধ্যে চুক্তি স্বাক্ষর বা কার্য শুরু না করিতে পারে;

(খ) কর্মসূচি অনুযায়ী কার্যের সন্তোষজনক অগ্রগতি অর্জনে ব্যর্থ হয়;

(গ) নকশা, অঙ্কন ও বিনির্দেশ অনুযায়ী কার্য সম্পাদন করিতে ব্যর্থ হয়;

(ঘ) ক্রয়কারীর লিখিত নোটিশ প্রাপ্তির পর নোটিশে উল্লিখিত নির্দিষ্ট সময়ের মধ্যে ত্রুটি সংশোধন না করে;

(ঙ) ক্রয়কারীর বিবেচনায় কার্যের প্রতিযোগিতা বা কার্য সম্পাদন করিবার সময় দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যে লিপ্ত থাকে; এবং

(চ) চুক্তি অনুসারে অন্যান্য বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হয়।

২৩। চুক্তি বা উহার ব্যাখ্যা হইতে উদ্ভূত সকল সম্ভাব্য মতবিরোধ ক্রয়কারী ও ঠিকাদার আপসে মীমাংসা করিবার জন্য সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

২৪। ঠিকাদার টেশিস ক্রয় নীতিমালা ২০১৭ এ উল্লিখিত দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যাদি সম্পর্কিত বিধান সম্পর্কে সচেতন থাকিবে ও অনুরূপ কার্যের জন্য দায়ী হইবে।